

জনতা ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয়, ঢাকা।

রিটেইল কাস্টমার ডিপার্টমেন্ট-২
ফোন নং- ২২৩৩৮৮৯৯৩

website: www.jb.com.bd

নির্দেশ বিভাগ নং: ১২৮৪/২৪

তারিখ: ০৯.০৯.২০২৪ খ্রিঃ
২৫ ভাদ্র ১৪৩১ বাং

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় : সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতাদের ঋণ পরিশোধ/সমন্বয় সহজীকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক তাদের বিআরপিডি সার্কুলার নং- ৩৯ তারিখ- ০১/০৯/২০২৪ অনুসরণ করা হয়েছে।

সম্প্রতি দেশের কয়েকটি জেলার বিস্তীর্ণ অঞ্চল বন্যার কারণে প্লাবিত হয়েছে। বন্যা উপদ্রুত অঞ্চলের ঋণগ্রহীতা বিশেষত স্বল্প মেয়াদী কৃষি এবং সিএমএসএমই খাতের উদ্যোক্তাগণ ক্ষতিগ্রস্ত হওয়ায় তাদের পক্ষে নির্ধারিত সময়ে ঋণ/ঋণের কিস্তি পরিশোধ/সমন্বয় করা দুরূহ হয়ে পড়বে। নির্ধারিত সময়ে প্রদেয় অর্থ পরিশোধ করতে সক্ষম না হলে উদ্ভিষ্ট অঞ্চলের ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতাগণের ঋণ হিসাবসমূহ বিরূপভাবে শ্রেণিকৃত হওয়ার আশংকা সৃষ্টি হয়েছে। ফলে, নতুন ঋণ প্রবাহ বাধাগ্রস্ত হওয়াসহ সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ডে এর নেতিবাচক প্রভাব পড়তে পারে মর্মে উল্লেখপূর্বক বন্যা কবলিত অঞ্চলের ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতার স্বাভাবিক অর্থনৈতিক কর্মকাণ্ড অব্যাহত রেখে তাদের পুনর্বাসনে সহায়তা প্রদানের লক্ষ্যে ফেনী, নোয়াখালী, লক্ষীপুর, কুমিল্লা ও চট্টগ্রামসহ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক চিহ্নিত অন্যান্য বন্যা কবলিত অঞ্চলের ০১ আগস্ট ২০২৪ তারিখে বিদ্যমান অশ্রেণিকৃত স্বল্প মেয়াদী কৃষি এবং সিএমএসএমই ঋণ পরিশোধ/সমন্বয় সহজীকরণের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা পরিপালন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে :

উদ্ধৃত

০২। (ক) স্বল্প মেয়াদী কৃষি এবং সিএমএসএমই খাতের মেয়াদী ঋণগ্রহীতাগণের আগস্ট ২০২৪ হতে অক্টোবর ২০২৪ মাসের মধ্যে প্রদেয় ঋণের কিস্তিসমূহ সংশ্লিষ্ট ঋণের মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ০৩ (তিন) মাসের মধ্যে পরিশোধ করতে হবে;

(খ) সিএমএসএমই খাতের যে সকল চলমান ঋণ আগস্ট ২০২৪ হতে অক্টোবর ২০২৪ মাসের মধ্যে সমন্বয়যোগ্য সে সকল ঋণের সমন্বয়ের মেয়াদ ০৩ মাস বৃদ্ধি করতে হবে;

(গ) অনুচ্ছেদ ০২(ক) ও (খ) এ উল্লিখিত সুবিধাদি কোনো গ্রাহক গ্রহণ করতে সম্মত না হলে পূর্ব নির্ধারিত পরিশোধসূচী অনুযায়ী ঋণ/ঋণের কিস্তি পরিশোধ/সমন্বয় করা যাবে; এবং

(ঘ) বিলম্বে পরিশোধিত অর্থের উপর নিয়মিত সুদ ব্যতীত অন্য কোনো প্রকার দণ্ড সুদ/অতিরিক্ত সুদ/অতিরিক্ত মুনাফা/বিলম্ব ফি/জরিমানা (যে নামেই অভিহিত করা হোক না কেন) আদায়/আরোপ করা যাবে না।


০৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৯(১)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।


০৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

"অনুদ্ধৃত

বাংলাদেশ ব্যাংকের উক্ত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,


কার্ণা চাঁন ঘোষ
উপ-মহাব্যবস্থাপক


মোঃ আব্দুল মতিন
মহাব্যবস্থাপক